যুগান্তর

তারিখ .... 4 JUN 2009 ...
পৃষ্ঠা ... ৯ ... কলাম .... ১ ....

সংসদীয় কমিটির বৈঠক

# ২০১১ সালের এসএসসিতে সৃজনশীল প্রশ্নপত্রে পরীক্ষা নেয়ার সুপারিশ

যুগান্তর রিপোর্ট

২০১১ সালের এসএসসি পরীক্ষায় মাত্র তিনটি বিষয়ে সৃজনশীল প্রশ্নপত্র পদ্ধতিতে পরীক্ষা নেয়ার সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। একই সঙ্গে তারা এই পদ্ধতি মাদ্রাসা এবং কারিগরি বোর্ডেও বাস্তবায়নের পরামর্শ দিয়েছেন। এর আগে শিক্ষক প্রশিক্ষণ শেষ করারও নির্দেশনা প্রদান করেছে কমিটি। বুধবার কমিটির এক বৈঠক থেকে এই পরামর্শ শিক্ষা মন্ত্রণালয় এবং সব বোর্ডকে দেয়া হয়। ২০১১ সালে সব বিষয়ে এ পদ্ধতির প্রশ্নপত্র করার সিদ্ধান্ত রয়েছে। আর আগামী বছর বা ২০০৯ সালে বাংলা ও ধর্ম বিষয়ে এ পদ্ধতি চালু হবে।

সূত্র জানায়, বৈঠকের সুপারিশ ২-১ দিনের মধ্যেই শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন বলেন, সৃজনশীল পদ্ধতি সম্পর্কে দ্বিমত নেই কারও। সবাই এ পদ্ধতিকে ভালো বলে মত দিয়েছে। তবে এটির প্রয়োগ নিয়েই কারও কারও দ্বিমত রয়েছে। সবার মতামতের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশেষ করে অভিভাবকদের মতকেই প্রাধান্য দিয়ে ধাপে ধাপে সৃজনশীল পদ্ধতি চালুর পক্ষে সুপারিশ করার কথা জানান তিনি।

জানা যায়, ২০১২ সালে আরও দুটি বিষয়কে অন্তর্ভুক্ত করার পরামর্শও দিয়েছে স্থায়ী কমিটি। এছাড়া তারা মাধ্যমিকে গণিত ও বিজ্ঞান বিষয়কে পরবর্তী যে কোন বছর সৃজনশীলভুক্ত করতে বলেছেন।

স্থায়ী কমিটির সদস্য অধ্যক্ষ শাহ আলম বলেন, শিক্ষক প্রশিক্ষণের নামে প্রকল্পের পরিচালক যে হিসাব দিয়েছেন, তাতে কমিটির প্রায় সব সদস্যই অসন্তোষ প্রকাশ করেছেন।